উপজেলা পরিষদ কার্যালয়
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
সোনাগাজী, ফেনী।

## সোনাগাজী উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ জনাব কামরুল হাসান, উপজেলা নির্বাহী অফিসার ও সহ সভাপতি, উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি, সোনাগাজী, ফেনী।
সভার স্থানঃ উপজেলা ভিডিও কনফারেন্স রুম।
সভার তারিখ ও সময়ঃ ১১/০৫/২০২৩খ্রিঃ, বিকাল ৩:৩০ ঘটিকায়।

আগত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সোনাগাজী সভায় জানান যে, বঙ্গোপসাগরে সৃষ্ট ঘূর্ণিঝড় ''মোখা'' উপকূলের দিকে অগ্রসর হওয়ায় ০২ নম্বর দূরবর্তী হুঁশিয়ারী সংকেত প্রদর্শন করা হয়েছে। আসন্ন ঘূর্ণিঝড় মোকাবেলায় সব ধরণের প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। সভায় উপস্থিত মান্যবর জেলাপ্রশাসক জনাব আবু সেলিম মাহমুদ-উল হাসান, জনাব জাকির হাসান, পুলিশ সুপার, জনাব গোলাম মোঃ বাতেন, উপ-পরিচালক, স্থানীয় সরকার, জনাব কামরুল হাসান,উপজেলা নির্বাহী অফিসার, জনাব এ্যাড. রফিকুল ইসলাম খোকন, মেয়র, সোনাগাজী পৌরসভা, জনাব শাখাওয়াতুল হক, ভাইস-চেয়ারম্যানসহ অন্যান্য সদস্যদের সাথে আলোচনাক্রমে এ বিষয়ে বিস্তারিত আলোচনার পর সৃষ্ট প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলার জন্য নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

১। মেয়র ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ পৌরসভা/ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির ও পৌরসভা/ইউনিয়ন দুর্যোগ সাড়াদান সমন্বয় গ্রুপ কমিটিসহ প্রত্যেকটি ওয়ার্ড দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ও ওয়ার্ড দুর্যোগ সাড়াদান সমন্বয় গ্রুপের সভা আহবান করে তার কার্যবিবরণী প্রেরণ করবেন।

২। বিপদ সংকেত ৬ ও ৭ হলেই জনগণকে নিরাপদ স্থান অর্থাৎ আশ্রয়কেন্দ্রে যাওয়ার জন্য মসজিদের মাইকে প্রচার করার জন্য সভাপতি/সম্পাদক ইমাম সমিতি সোনাগাজী ও ইসলামি ফাউন্ডেশন, সোনাগাজী, ফেনীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৩। বিপদ সংকেত ০৭ হলেই জনগণকে আশ্রয়কেন্দ্রে আসার জন্য ইউনিয়নে দায়িত্বপ্রাপ্ত অফিসার, রেড ক্রিসেন্ট কর্মী, সিপিপির স্বেচ্ছাসেবক এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, মেম্বার, গ্রাম পুলিশ ও আনসার ভিডিপির সদসদ্যবৃন্দ দায়িত্ব পালন করবেন।

৪। বিপদ সংকেত ৬ ও ৭ হলে গবাদিপশু নিরাপদ স্থানে নিয়ে আসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রাণি সম্পদ অফিসারকে অনুরোধ করা হয়।

৫। বিপদ সংকেত ৭ হলে প্রধান শিক্ষকগণ আশ্রয়কেন্দ্রের চাবি নিয়ে অবশ্যই আশ্রয়কেন্দ্রে উপস্থিত থাকবেন। উপস্থিতি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং উপজেলা শিক্ষা অফিসার নিশ্চিত করবেন।

৬। দুর্যোগ পরবর্তীকালীন সময়ের জন্য খাবার পানি, দিয়াশলাই, মোমবাতি, চিড়া, মুড়ি, গুড়, টর্চ লাইট সংগ্রহ করে রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হয়।

৭। দুর্যোগকালীন সময়ে স-মিল হতে করাত ও কুড়াল সংগ্রহ রাখার জন্য উপজেলা রেঞ্জ অফিসার, বন বিভাগ, সোনাগাজীকে দায়িত্ব প্রদান করা হয়।

৮। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সকে প্রয়োজনীয় যন্ত্রপাতি টিমসহ প্রস্তুত রাখার জন্য অনুরোধ করা হলো।

৯। উদ্ধার কার্যক্রম ও ত্রাণ সামগ্রী পরিবহনের জন্য গাড়ী সংগ্রহের জন্য অফিসার ইনচার্জ, সোনাগাজী মডেল থানাকে দায়িত্ব প্রদান করা হয়। এছাড়া প্রয়োজনে পৌরসভার ট্রাক ব্যবহারের সিদ্ধান্ত হয়।

১০। বিপদ সংকেত চলাকালীন সময়ে সকল কর্মকর্তা/কর্মচারীর ছুটি বাতিলের সিদ্ধান্ত গৃহীত হয়।

১১। সিপিপির সকল ইউনিটকে সচল রাখার ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী পরিচালক সিপিপিকে সভায় অনুরোধ করা হয়।

১২। উপজেলা দুর্যোগ নিয়ন্ত্রণ কক্ষ খোলার সিদ্ধান্ত হয়। নিয়ন্ত্রণ কক্ষের ফোন নম্বর ০১৭১৩-১৮৭৩১৯ (ইউএনও) ০১৭০০-৭১৬৮৯৩ (পিআইও) ০১৯০৫-৫১৫২৭৫, যে কোন প্রয়োজনে নিয়ন্ত্রণ কক্ষের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো হয়। ১

১৩। উপজেলায় ১৪ (চৌদ্দ) টি মেডিকেল টিম অর্থাৎ পৌরসভায় ০১ টি এবং প্রতিটি ইউনিয়নে ০১ (এক) টি করে মেডিকেল টিম গঠনের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অ ফিসার, সোনাগাজীকে অনুরোধ করা হয় এবং একটি মেডিকেল টিম উপজেলা সদরে ষ্ট্যান্ডবাই রাখার জন্য অনুরোধ করা হয়।

১৪। তাৎক্ষণিক ক্ষতিগ্রস্থ রাস্তা মেরামতের জন্য উপজেলা প্রকৌশলীকে দায়িত্ব প্রদান করা হয়।

১৫। ডিজিএম, পল্লী বিদ্যুৎ সোনাগাজীকে দুর্যোগকালীন সময়ে ছেঁড়া বৈদ্যুতিক তার বা ভেঙ্গে পড়া খুঁটি দ্রুত সরিয়ে নেওয়ার জন্য প্রয়োজনীয় জনবল প্রস্তুত রাখার জন্য অনুরোধ করা হয়।

১৬। প্রয়োজনে স্বেচ্ছাসেবক হিসাবে স্কাউটসদের প্রস্তুত রাখার জন্য সাধারণ সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সোনাগাজীকে অনুরোধ করা হয়।

১৭। সম্ভাব্য দুর্যোগ পরবর্তী সময়ে ক্ষতিগ্রস্থ টেলিফোন লাইনসমূহ জরুরী ভিত্তিতে সচল রাখার জন্য প্রয়োজনীয় লোকবল ও সরঞ্জাম প্রস্তুত রাখার জন্য উপ-সহকারী প্রকৌশলী, বিটিসিএল, সোনাগাজীকে অনুরোধ করা হয়।

১৮। কৃষি ফসল ও গবাদি পশুর ক্ষয়ক্ষতি কমানোর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তা/উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

১১/০৫/২০২৩

১১.০৫.২০২৩

CamScanner

১৯। ইউনিয়ন পর্যায়ে ০১ টি নিয়ন্ত্রণ কক্ষ খোলার সিদ্ধান্ত গৃহীত হয়। ইউনিয়ন নিয়ন্ত্রণ কক্ষ উপজেলা নিয়ন্ত্রণ কক্ষের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখবে।

২০। আশ্রয়কেন্দ্রসমূহে আশ্রিত লোকজনের মাঝে প্রয়োজনে রান্না খাবারের ব্যবস্থা করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলো।

২১। প্রতিটি আশ্রয়কেন্দ্রে পর্যাপ্ত আনসার সদস্য মোতায়েন করার জন্য উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, সোনাগাজী, ফেনীকে অনুরোধ করা হয়।

২২। প্রতিটি ইউনিয়নের ইরি ধান আগামী ১২/০৫/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে কর্তনের জন্য উপজেলা কৃষি অফিসার, সোনাগাজী, ফেনীকে অনুরোধ করা হয়।

সভায় আর কোন গুরুত্বপূর্ণ আলোচনা না থাকায় সহ-সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১১.০৫.২০২৩

(কামরুল হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
সোনাগাজী, ফেনী।
ও
সহ-সভাপতি
উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি

স্মারক নম্বরঃ ৫১.০১.৩০৯৪.০০০.৯৬.০০১.২২-২১৯ — তারিখঃ ১১/০৫/২০২৩খ্রিষ্টাব্দ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০২। জেলাপ্রশাসক, ফেনী।
০৩। মেয়র, সোনাগাজী পৌরসভা, সোনাগাজী, ফেনী।
০৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ফেনী।
০৫। অফিসার ইনচার্জ, সোনাগাজী মডেল থানা, সোনাগাজী, ফেনী।
০৬। উপ-পরিচালক, ইসলামী ফাউন্ডেশন, ফেনী।
০৭। ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, সোনাগাজী, ফেনী।
০৮। উপজেলা ..................................................................কর্মকর্তা ও সদস্য উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি, সোনাগাজী, ফেনী।
০৯। চেয়ারম্যান, ইউ,পি(সকল), সোনাগাজী, ফেনী।
১০। জনাব ..................................................................................সদস্য উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি, সোনাগাজী, ফেনী।

১১/০৫/২০২৩

(ইকবাল হাসান)
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
সোনাগাজী, ফেনী।
ও
সদস্য সচিব
উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি

CamScanner